


এক অ্যামাজন

■ অনিন্দিতা দেবনাথ

আমি আড়াল চেয়েছিলাম চার কিমারে ।



তুমি আর কতটুকু জানো ?
প্রতিদিন অভিশাপ সঞ্চিত রেখোছি,
আর তুমি ?
তুমি চেনা শহুর প্রেকে
উচ্চ নিচু সবুজের ঢলকে হত্যা করেছো;
আর মাঝে মাঝে নত হয়ে বলেছো—
“গাছ লাগাও, প্রাণ বাঁচাও” ।

লোকে তো জানে না কিছুই,
জানুক না, টেনে নিক পাপ !
আমি কিন্তু এভাবেই হামাগুড়ি দিবে বিনৃষ্ট হবো ।

তোমরা সবাই খুব পরিষিত স্বাভাবিক কথা বলো,
কিছুই ঘটেনি যেন,
সত্যই কিছু ঘটেনি !
শুধু পুড়ে দাই হয়েছে
কয়েক লক্ষ সবুজ আর লোহিত বর্জকণিকা ।

